



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৯ জুন ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

### সংস্কারবাদী জেএসএস কর্তৃক মহালছড়ি বাজার থেকে ৩ নিরীহ গ্রামবাসীকে অপহরণ : ইউপিডিএফ-এর নিন্দা

খাগড়াছড়ির মহালছড়ি উপজেলা সদর বাজার থেকে ৩ জন নিরীহ গ্রামবাসীকে অপহরণ করে নিয়ে গেছে সংস্কারবাদী জেএসএস-এর দুর্বৃত্তরা। আজ ১৯ জুন (মঙ্গলবার) সকাল সাড়ে ৮টা থেকে ৯টার মধ্যে এ ঘটনা ঘটে।

অপহৃতরা হলেন- উৎপল চাকমা(৪০), পিতা- মৃত রায় মোহন চাকমা, সাং- রণুচন্দ্র কার্বারী পাড়া (মেজর পাড়া), ৮নং ওয়ার্ড ১নং সাবেক্ষ্যং ইউনিয়ন; একই গ্রামের পূর্ণবরণ চাকমা(৫০), পিতা- মৃত বিন্দু কুমার চাকমা ও রিকেল চাকমা(৩২), পিতা- হিরো মোহন চাকমা, সাং- রাম সুপারী পাড়া, ৯নং ওয়ার্ড ১ নং সাবেক্ষ্যং ইউনিয়ন, উপজেলা নান্যাচর।

উক্ত ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন ইউপিডিএফ-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক সচিব চাকমা।

সংবাদপত্রে প্রদত্ত এক বিবৃতিতে তিনি বলেন, উৎপল চাকমা ও পূর্ণবরণ চাকমা গরীব খেটে-খাওয়া মানুষ। আজ মহালছড়ি বাজারের হাটবার হওয়ায় তারা তরি-তরকারী সংগ্রহ করে বিক্রি করতে বাজারে গিয়েছিলেন। মুদি ব্যবসায়ী হারাধন'র দোকানের সামনে বসে তরকারী বিক্রি করার সময় ৪ জন সংস্কারবাদী জেএসএস-এর দুর্বৃত্ত এসে প্রকাশ্যে জোরপূর্বক তাদেরকে তুলে নিয়ে যায়।

অন্যদিকে রিকেল চাকমা গিয়েছিলেন বীজ ধান কিনতে। তিনি উপর বাজারের মৃদুল বণিক নামে এক স্বর্ণের দোকানে বসা ছিলেন। ঠিক একই সময় ৩জন দুর্বৃত্ত গিয়ে তাকেও সেখান থেকে জোরপূর্বক তুলে নিয়ে যায়।

অপহরণের সময় অন্য লোকদের মারফৎ অপহৃতদের আত্মীয়-স্বজনকে গ্রামের কার্বারী ও মুন্স্কীদেদের সাথে নিয়ে ব্রীজ পাড়ায় যোগাযোগ করার নির্দেশ দেয়। অন্যথায় তাদের মেরে ফেলা হবে বলে হুমকি দিয়ে যায়।

তিনি আরো বলেন, মাস খানেক যাবত সংস্কারবাদী জেএসএস-এর সশস্ত্র দুর্বৃত্ত মুবাছড়ির শান্তি পাড়ার বাসিন্দা চারু রঞ্জনের ছেলে নীল রঞ্জন চাকমা(৪৩), ব্রীজ পাড়ার সমর চাকমা(৪০), কুতুকছড়ি ভূইয়ো আদামের বাসিন্দা বুলো চাকমা প্রকাশ পাভেল্যা বাপ(৪৯), উচ্চ হেঙলছড়ির বাসিন্দা রাজন চাকমা(৪৫), হুল্লোঙ পাড়ার বাসিন্দা রান্দাল্যা চাকমা(৫০) ও শিলন্যার বাসিন্দা বিনিময় চাকমা(৫৩) উল্লেখিত দুই গ্রাম থেকে মোটা অংকের চাঁদা (প্রতি পরিবার ৫০০ টাকা করে) দাবি করে আসছিলেন এবং গ্রামের সকল মোবাইল ফোন নাম্বার জমা দিতে গ্রামের কার্বারী ও মুন্স্কীদেদের নির্দেশ দিয়েছিলেন।

তিনি অবিলম্বে অপহৃত নিরীহ ৩ গ্রামবাসীকে অক্ষত অবস্থায় উদ্ধার ও অপহরণকারী সংস্কারবাদী জেএসএস-এর সশস্ত্র দুর্বৃত্তদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।